

আমি যার নুপুরের ছন্দ,
বেণুকার সুর-
কে সেই সুন্দর কে।
আমি যার বিলাস-যমুনা
বিরহ বিধুর-
কে সেই সুন্দর কে ॥
যাহার গানের আমি বনমালা,
আমি যার কথার কুসুম-ডালা
না দেখা সুদূর-
কে সেই সুন্দর কে ॥
যার শিখী-পাখা লেখনী হয়ে
গোপনে মোরে কবিতা লেখায়
সে রহে কোথায়, হয়!
আমি যার বরষার আনন্দ-কেকা
নৃত্যের সঞ্জিনী দামিনী-লেখা।
যে মম অঞ্জে কাঁকন কেয়ুর,
কে সেই সুন্দর কে ॥